শেখ হাসিনার উদ্যোগ
ঘরে ঘরে বিদ্যুৎ

# কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩

গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা।

Web: http://pbs3.comilla.gov.bd
ই-মেইল : comillapbs3@gmail.com

স্মারক নং-২৭.১২.১৯৩৬.৫৭২.০২.০০৮.২৩. ১৮৯১

৩১ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ
তারিখঃ --------------------------
১৬ অক্টোবর, ২০২৩ খ্রিস্টাব্দ

## ''নিয়োগ বিজ্ঞপ্তি''

**বিষয়: মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ বিজ্ঞপ্তি।**

কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এর নিম্নবর্ণিত পদে লোকবল নিয়োগের লক্ষ্যে প্যানেল প্রস্তুতের জন্য ইতোপূর্বে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে সন্তোষজনকভাবে কর্মসম্পাদন করেছেন এমন আগ্রহী প্রার্থীগণের নিকট হতে নিম্নবর্ণিত শর্ত প্রতিপালন সাপেক্ষে আবেদনপত্র আহবান করা যাচ্ছে।

| পদের নাম | বেতন ও অন্যান্য ভাতা | প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬, সর্বশেষ বেতনের প্রত্যয়ন পত্র এবং বাপবিবোর্ডের সার্কুলার অনুযায়ী মূল বেতন ও অন্যান্য ভাতাদি প্রদেয় হবে। | ক) আগ্রহী প্রার্থীর মিটার রিডার (চুক্তিভিত্তিক)/ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) / মিটার রিডার-কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে ০৩ (তিন)/ ০৬ (ছয়) /০৯ (নয়) বছর বা তদুর্ধ্ব সময়ের ধারাবাহিক ও সন্তোষজনক ভাবে কর্মসম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>খ)বয়সসীমা সর্বোচ্চ ৫২ বছরের মধ্যে হতে হবে ।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম-ম্যাসেঞ্জারগণ তাদের পূর্বতন শিক্ষাগত যোগ্যতার ভিত্তিতে উক্ত পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।<br>ঘ) অত্র পবিসের ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা অর্থাৎ কুমিল্লা জেলার দাউদকান্দি, তিতাস, হোমনা ও মেঘনা উপজেলা, মুন্সীগঞ্জ জেলার গজারিয়া উপজেলা এবং ব্রাহ্মণবাড়িয়া জেলার বাঞ্ছারামপুর উপজেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই। কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩ এ ইতোপূর্বে যারা চাকুরী করেছেন/ ইতোপূর্বে অন্য কোন সংস্থায় ও পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/ স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের উক্ত পদে আবেদন করার প্রয়োজন নেই।<br>ঙ) যোগদানের সময় নিরাপত্তা জামানত বাবদ ১০,০০০/-(দশ হাজার) টাকা জমা দিতে হবে, যা সন্তোষজনক চাকুরী সমাপনান্তে ফেরৎযোগ্য।<br>চ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে । |

**অন্যান্য শর্তাবলীঃ**

০১। উল্লেখিত পদে নিয়োগ লাভে আগ্রহী প্রার্থীগণকে কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা-এর ওয়েবসাইট Web: http://pbs3.comilla.gov.bd হতে মিটার রিডার কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) এর জন্য নির্ধারিত আবেদন ফরম **(ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১)** A-4 সাইজের কাগজে ডাউনলোড পূর্বক নিজ হাতে যথাযথভাবে পূরণ করে আগামী **০৫/১১/২০২৩ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, কুমিল্লা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, গৌরীপুর, দাউদকান্দি, কুমিল্লা -এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। **নির্দিষ্ট ফরম ব্যতীত এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য হবে না ।**

০২। মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মসম্পাদনের অভিজ্ঞতা সংক্রান্ত সকল পবিসের প্রত্যয়ন পত্র (০৩, ০৬, ০৯ ও ১২ বৎসর) আবেদনের সাথে অবশ্যই সংযুক্ত করতে হবে ।

০৩। আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবেঃ

(ক) সাম্প্রতিক তোলা ০৩ (তিন) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত রঙ্গিন ছবি।

(খ) শিক্ষাগত যোগ্যতার সকল সনদ এর সত্যায়িত অনুলিপি।

(গ) জাতীয় পরিচয় পত্র/জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত অনুলিপি।

(ঘ) স্থানীয় ইউনিয়ন পরিষদ/পৌরসভার চেয়ারম্যান/সিটি কর্পোরেশনের মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব/ চারিত্রিক সনদপত্র।

(ঙ) আবেদনের সাথে বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার কাম ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে বিভিন্ন মেয়াদে চাকুরীর অভিজ্ঞতার বিপরীতে সংশ্লিষ্ট পবিস সমূহের প্রত্যয়ন পত্র দাখিল করতে হবে, যা এজিএম (প্রশাসন/এইচআর) কর্তৃক সত্যায়িত হতে হবে।

০৪। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখে প্রার্থীর বয়স সর্বোচ্চ ৫২ বৎসরের মধ্যে হতে হবে। বয়স প্রমাণের জন্য শিক্ষাগত যোগ্যতার সনদ বিবেচনা করা হবে । বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয় ।

০৫ । সংশ্লিষ্ট পদে নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বৎসর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে অর্পিত দায়িত্ব যথাযথভাবে সম্পাদন, বার্ষিক কর্মমূল্যায়ন ও পুলিশ ভেরিফিকেশন রিপোর্ট (ইতোপূর্বে না হয়ে থাকলে) সন্তোষজনক বিবেচিত হলে চুক্তিকালীন সময় উত্তীর্ণ হওয়ার পর ন্যূনতম ০২/০১ (দুই/এক) দিনের বিরতি দিয়ে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি নবায়ন করা যেতে পারে। এভাবে সর্বোচ্চ ০৩ মেয়াদে (৩+৩+৩) মোট ০৯ (নয়) বৎসর চাকুরীতে বহাল রাখা যেতে পারে। তবে কোন অবস্থাতেই বয়স ৫৫ (পঞ্চান্ন) বৎসরের বেশী হলে তিনি অত্র পবিসের চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন না।

০৬। অত্র পবিসের এলাকা পরিচালক/মহিলা পরিচালক ও পবিসের কর্মকর্তা/কর্মচারীদের অথবা তাদের স্বামী/স্ত্রীদের রক্তের সম্পর্কীয় কেউ আবেদন করতে পারবেন না।

০৭। ইতোপূর্বে অন্য কোন সংস্থায় অথবা পল্লী বিদ্যুৎ সমিতি হতে অপসারিত/বরখাস্ত/স্বেচ্ছায় পদত্যাগকারী প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই ।

০৮ । প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ও চাকুরী সংক্রান্ত প্রত্যয়ন পত্রের ভুল তথ্য দিয়ে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করে নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে দেশের প্রচলিত আইনানুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে ।

০৯ । অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে ।

১০। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে ।

(মুহাম্মদ মুকুল হোসাইন)
জেনারেল ম্যানেজার

অনুলিপিঃ

১) নির্বাহী পরিচালক, বাপবিবো, ঢাকা।
২) পরিচালক, পবিস মানব সম্পদ/পবিস মনিটরিং ও ব্যঃ পঃ(পূর্বাঞ্চল) পরিদপ্তর, বাপবিবো, ঢাকা। } সদয় অবগতির জন্য।
৩) একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবো, ঢাকা।
৪) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার -------পবিস-১/২/৩/৪।
৫) ডিজিএম, সদর-কারিগরি/ দাউদকান্দি/হোমনা/গজারিয়া/বাঞ্ছারামপুর জোনাল অফিস, কুমিল্লা পবিস-৩।
৬) এজিএম (ওএন্ডএম), মেঘনা/তিতাস সাব-জোনাল অফিস, কুমিল্লা পবিস-৩।
৭) এজিএম (ইএন্ডসি/ওএন্ডএম/অর্থ/সদস্য সেবা/প্রশাসন/আইটি/এইচআর), কুমিল্লা পবিস-৩।
৮) নোটিশ বোর্ড/ওয়েব সাইট, কুমিল্লা পবিস-৩।
৯) অফিস কপি/ মাস্টার কপি।

(মুহাম্মদ মুকুল হোসাইন)
জেনারেল ম্যানেজার.